দৈনিক ইনকিলাব

তারিখ 3 0 OCT. 1987
পৃষ্ঠা 4 কলাম 5

017

# উপজেলা পরিক্রমা

## ভেদরগঞ্জ

শরীয়তপুর, ২৯ অক্টোবর (সংবাদদাতা)।— বার ভূঁইয়া মোঘল সুবেদার অসংখ্য রাজা-মহারাজা ও জমিদারদের কীর্তি আজো স্মরণ করিয়ে দেয়। ভেদরগঞ্জ শরীয়তপুর জেলার একটি সর্বস্ব সাইন বোর্ড আদর্শ উপজেলা। কিন্তু এ উপজেলার যে দিকেই নজর যায় সে দিকই বিরাজ করছে নানা সমস্যা।

এর দক্ষিণ-পূর্বে পদ্মা নদী অবস্থিত। শরীয়তপুর সদরের ১৭ কিঃ মিটার পূর্বে ১০টি ইউনিয়ন নিয়ে গঠিত এ উপজেলা। আয়তন ১শ' ৬ বর্গ কিঃ মিঃ।

### যাতায়াত

এ উপজেলায় মাত্র ১ কিলোমিটার পাকা রাস্তা রয়েছে। ৪ কিলোমিটার আধা পাকা ও ইট বিছানো এবং ১শ' ১২ কিলোমিটার কাঁচা রাস্তা রয়েছে। জেলা সদরের সাথে কাঁচা রাস্তার যোগাযোগ আছে। রাজধানী ঢাকার সাথে লঞ্চ যোগাযোগ বছরের মাত্র দু'মাস থাকে, নদীতে চর জাগায় তাও চলাচলে বিঘ্ন ঘটে। ইউনিয়ন পরিষদগুলোর সাথে যোগাযোগা ব্যবস্থা নেই।

### বিদ্যুৎ

কেবলমাত্র উপজেলা সদরে বিদ্যুৎ আছে। কয়েকটি ইউনিয়নকে বিদ্যুতায়িত করার পরিকল্পনা নিলেও তা আজো বাস্তবায়িত হয়নি।

### শিক্ষা ব্যবস্থা

এ উপজেলায় প্রাথমিক বিদ্যালয় সরকারী ৮৩টি। বেসরকারী ১৭টি। সিনিয়ার মাদ্রাসর ১টি, জুনিয়ার মাদ্রাসা ৪টি। মহাবিদ্যালয় ১টি।

### কৃষি ব্যবস্থা

এ উপজেলার শতকরা ৯২ জন লোক কৃষিজীবী উৎপন্ন ফসলের মধ্যে ধান, পাট ও পান প্রধান। আবাদী জমির পরিমাণ ৪৬ হাজার ৫শ' ১২ একর। অনাবাদী ২১ হাজার ২শ' ৫৪৮ একর।

### চিকিৎসা

এখানে ৫টি পরিবার পরিকল্পনা ও ১টি স্বাস্থ্য কেন্দ্র আছে। এখানে কোন এম্বুলেন্স নেই। স্বস্থ্য কেন্দ্রটি নানা সমস্যায় জর্জরিত। সরকারী দাতব্য চিকিৎসালয় ৫টি।